

বিদেশগামী বাংলাদেশি কর্মীদের শতভাগ বিমার আওতায় আনয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন সংক্রান্ত সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ২৯ অক্টোবর ২০১৭ সকাল ১১.০০ টায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে বিদেশগামী বাংলাদেশি কর্মীদের শতভাগ বিমার আওতায় আনয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নীতিমালা প্রণয়নের নিমিত্তে ফিলিপাইন ও শ্রীলংকার স্ব-স্ব অভিবাসী কর্মীদের জন্য বিদ্যমান ইস্যুরেস সংক্রান্ত কার্যক্রম/আইন/নীতি সম্পর্কে উক্ত দুই দেশের দুটি সফরকারী আন্তঃমন্ত্রণালয় প্রতিনিধিদলের অর্জিত অভিজ্ঞতা বিনিময় হয়। গত আগস্ট মাসে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি'র এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক এর নেতৃত্বে দুইটি প্রতিনিধিদল যথাক্রমে শ্রীলংকা ও ফিলিপাইন সফর করেন। সভায় শ্রীলংকা ও ফিলিপাইন সফরের অভিজ্ঞতার উপরে আলাদা আলাদা দুটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয়। উক্ত প্রেজেন্টেশনে তাদের অভিজ্ঞতা ও সুপারিশসমূহ তুলে ধরা হয়। পরে বিদেশগামী বাংলাদেশি কর্মীদের শতভাগ বিমার আওতায় আনয়নের লক্ষ্যে বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) প্রণীত খসড়া নীতিমালার উপর আলোচনা করা হয়। ভারপ্রাপ্ত সচিব ও সভার সভাপতি ড. নমিতা হালদার, এনডিসি দ্রুততম সময়ের মধ্যে বিদেশগামী বাংলাদেশি কর্মীদের শতভাগ বিমার নীতিমালা চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন। সভায় বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ)-কে আগামী ১ সপ্তাহের মধ্যে কর্মীদের বিমার প্রিমিয়ামের পরিমাণ জানানোর জন্য সিদ্ধান্ত হয়। সভায় দপ্তর/সংস্থার প্রধানগণ, মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, শ্রীলংকা ও ফিলিপাইন সফরকারী প্রতিনিধিদলের সদস্যবৃন্দ, আই এলও এর চীফ টেকনিক্যাল এ্যাডভাইজার দীপা ভারতী, বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রতিনিধি এবং বায়রার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

